

মৌলভীবাজার সদর উপজেলার বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সাবরীনা রহমান  
 উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর  
 তারিখ : ০৮/০৯/২০২২ খ্রি.  
 সময় : সকাল ১১.০০ ঘটিকা  
 স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মৌলভীবাজার সদর

আলোচ্য বিষয় : ১) সম্মানী ভাতার আবেদন যাচাই ও সুপারিশ প্রেরণ।  
 ২) বিবিধ।

সভার উপস্থিতিঃ- পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য সদস্য সচিব ও ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, সদর উপজেলা শাখা, মৌলভীবাজারকে অনুরোধ জানান। সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। সদস্য সচিব জানান যে, বীর মুক্তিযোদ্ধার মৃত্যুজনিত কারণে সম্মানী ভাতার প্রতিস্থাপনের জন্য ০১(এক) টি আবেদন এবং মৃত. বীর মুক্তিযোদ্ধার ওয়ারিশ হিসেবে সম্মানী ভাতা প্রাপ্তির জন্য ০১(এক) টি আবেদন পাওয়া যায়। সদস্য সচিব আবেদনপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। যাচাই বাছাই শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত তালিকা অনুমোদন করা হয়।

ক্রঃ নং:	বীর মুক্তিযোদ্ধার নাম ও ঠিকানা	আবেদনকারী	বীর মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক	বীর মুক্তিযোদ্ধার প্রমানকসমূহ	মন্তব্য
০১	মৃত. বীর মুক্তিযোদ্ধা তোয়াবুর রহিম, পিতা-মৃত. ছালামত মিয়া, গ্রাম-কাশীনাথ রোড, ডাকঘর-মৌলভীবাজার, উপজেলা-মৌলভীবাজার সদর।	রইছুলেছা রহিম	স্ত্রী	বেসামরিক গেজেট নম্বর ৪০০	স্ত্রীর নামে প্রতিস্থাপন
০২	মৃত. বীর মুক্তিযোদ্ধা মো: আরাফাত আলী, পিতা- মৃত. সফর আলী, গ্রাম-মাতারকাপন, ডাক-মাতারকাপন, উপজেলা-মৌলভীবাজার সদর	জবেদা খাতুন	স্ত্রী	বেসামরিক গেজেট নম্বর ৬৮	০২ স্ত্রী সমহারে প্রাপ্য হবেন

সভায় সদস্য সচিব আরও জানান যে, ০১(এক) জন মৃত. বীর মুক্তিযোদ্ধার সেনাবাহিনী গেজেটে নাম অর্ন্তভুক্ত থাকায় তার উত্তরাধিকারীগণের পক্ষে মেয়ে আনোয়ারা বেগম সম্মানী ভাতা প্রাপ্তির আবেদন করেন। সদস্য সচিব নিম্নোক্ত আবেদনপত্র সভায় উপস্থাপন করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত তালিকা সুপারিশ সহকারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বীর মুক্তিযোদ্ধার নাম ও ঠিকানা	আবেদনকারী	বীর মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক	বীর মুক্তিযোদ্ধার প্রমানকসমূহ	মন্তব্য
০১	মৃত. বীর মুক্তিযোদ্ধা আলমাছ উল্লাহ পি:মৃত. রউফ উল্লাহ, গ্রাম-বালিকান্দি, ডাক-বালিকান্দি মৌলভীবাজার সদর	আনোয়ারা বেগম	মেয়ে	সেনাবাহিনী গেজেট নম্বর ১৪২১	উত্তরাধিকারীগণ আবেদনকারী আনোয়ারা বেগমকে এককভাবে ক্ষমতা অর্পণ করেছেন

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬

Sakina  
(সাবরীনা রহমান) ৪/৭/২০২২  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি  
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার

স্মারক নম্বর : ০৫.৪৬.৫৮৭৪.০০৫.০২.০০২.১৮. ৬৬৯/১

তারিখ : ০৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

০১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা

০২। জেলা প্রশাসক, মৌলভীবাজার


০৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার

০৪। উপজেলা সমাজসেবা অফিসার, মৌলভীবাজার সদর

০৫। জনাব-----সদস্য, বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি,

মৌলভীবাজার সদর, মৌলভীবাজার

০৬। অফিস নথি

  
০৪.০৭.২০২২

(সুমন দেব)

ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড

সদর উপজেলা শাখা, মৌলভীবাজার

ও

সদস্য সচিব

বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি  
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার